দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... JUL 25 2006
পৃষ্ঠা ৭ কলাম ৩

৫৮

# শিবিরের হুমকির মুখে ফের জগন্নাথ বন্ধের ঘোষণা ॥ সেশনজটের আশঙ্কা

জবি সংবাদদাতা ॥ ঘাতক শিবির ক্যাডারদের সন্ত্রাসী হামলার হুমকির মুখে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবারও বন্ধ ঘোষণা করা হয়েছে। বার বার বন্ধ ঘোষণা করায় শুরুতেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম এগিয়ে যাচ্ছে সেশন জটের দিকে। কর্তৃপক্ষের পূর্বের ঘোষণা অনুযায়ী আজ বিশ্ববিদ্যালয় খোলার কথা থাকলেও রবিবার-বায়তুল মোকাররমে কেন্দ্রীয় শিবির সভাপতি ও বিশ্ববিদ্যালয় শিবির সভাপতির উস্কানিমূলক বক্তব্যের প্রেক্ষিতে সোমবার বিকেলে জরুরী বৈঠকের মাধ্যমে ৩১ জুলাই পর্য আবারও বন্ধ ঘোষণা করা হয়। অনার্স প্রথম বর্ষের তারিখের পরীক্ষা ১০ তারিখ অনুষ্ঠিত হবে। ত বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি কামরুল হাসান রিপন ছাত্রদল সভাপতি এবিএম পারভেজ রেজা উপাচার্যের সা দেখা করে সাধারণ শিক্ষার্থীদের কথা চিন্তা করে বন্ধ দেয়ার জন্য অনুরোধ জানালেও কর্তৃপক্ষ শিবি

শিবি- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন

## শিবিরের হুমাকর মুখে

(প্রথম পাতার পর)

ক্যাডারদের সন্ত্রাসী হামলার কাছে নিজেদের অসহায় ভেবে আবারও বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছে। এ অবস্থায় সাধারণ শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলে প্রশ্ন তুলছে, তাহলে কি ঘাতক শিবির চক্রের সন্ত্রাসী কর্মকাণ্ডের কাছে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশ প্রশাসন সবাই অসহায়।

এদিকে শিবিরের হুমকিতে শিবিরপন্থী ছাত্রদলের এক গ্রুপের ইন্ধন রয়েছে বলেও জানা যায়। এতে করে শিবির আবারও ক্যাম্পাসে হামলা করার উৎসাহ পেয়েছে। তবে ছাত্রদলের অন্য গ্রুপ মনে করে যদি কোনভাবে একবার মৌলবাদী চক্র শিবিরের হাতে ক্যাম্পাস যায় তা হলে ছাত্রদলের আধিপত্য থাকবে না। এ ক্ষেত্রে ছাত্রলীগ স্পষ্টবাদী—তাদের সঙ্গে ছাত্রদল না থাকলেও তারা শিবিরের সঙ্গে কোন প্রকার আপোস করবে না।